গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩
www.powerdivision.gov.bd

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.২০.০১১.১৬/২৭২ তারিখঃ ১২ জুলাই ২০১৭

বিষয়ঃ **২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

গত ৯ জুলাই ২০১৭ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)-তে অন্তর্ভুক্ত এ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্নাঙ্গ প্রতিবেদন আগামী ২০-০৭-২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল সংস্থা ও কোম্পানি-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/০৭/১৭

সংযুক্তিঃবর্ণনামতে।

(এস. এ. শফিকুল ইসলাম)
সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭
planning-3@pd.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা, (দৃঃ আঃ পরিচালক-৫)।
০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
০৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। প্রধান (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। প্রধান (শক্তি), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৯। চেয়ারম্যান, স্রেডা, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১০। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
১১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিল্ডিং), রমনা, ঢাকা
১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGCL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
২০। ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, উত্তরা মডেল টাউন, ঢাকা।
২১। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
২২। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সন্নিবেশ করার অনুরোধসহ]।
২৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ, পরিকল্পনা শাখা-৩

২০১৬-১৭ অর্থবছরের এডিপি-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস এর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের জুন ২০১৭ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ৯ জুলাই ২০১৭ তারিখ অপরাহ্ন ৩.৩০ টায় বিদ্যুৎ বিভাগে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০। আলোচনা:

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয় সভায় উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন বিভিন্ন সংস্থায় ৮৮টি প্রকল্প চলমান রয়েছে এবং এসব প্রকল্পের জন্য ২০১৬-১৭ অর্থবছরের আরএডিপি-তে মোট ১৬২১৭.৮৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়া, সংস্থা/কোম্পানিসমূহের নিজস্ব অর্থায়নে ২৯টি প্রকল্প এডিপি-তে অন্তর্ভুক্ত আছে এবং এজন্য বরাদ্দ রয়েছে মোট ১৬৮৯.২৩ কোটি টাকা। সব মিলিয়ে ২০১৬-১৭ অর্থবছরের সর্বমোট আরএডিপি বরাদ্দ ১৭৯০৭.০৬ কোটি (জিওবি ৮৮৪৪.০৯ কোটি, পিএ ৪৫৭৭.০৪ কোটি, ইসিএ ২৭৯৬.৭০ কোটি এবং নিজস্ব অর্থায়ন ১৬৮৯.২৩ কোটি) টাকা। বিদ্যুৎ বিভাগের প্রকল্পসমূহের (নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ব্যতীত) বিপরীতে জুন ২০১৭ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৬৭০১.৭১ কোটি টাকা যা মোট এডিপি বরাদ্দের ১০২.৯৮%। গত বছর একই সময়ে আর্থিক অগ্রগতি ছিল ১০০%। অপরদিকে, সংস্থাসমূহের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ২৯টি প্রকল্পের জন্য চলতি অর্থবছরে ১৬৮৯.২৩ কোটি টাকা বরাদ্দের বিপরীতে জুন ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১৫৩০.৭২ কোটি টাকা (৯০.৬২%)। সব মিলিয়ে ১১৭টি প্রকল্পের জন্য মোট আরএডিপি বরাদ্দের পরিমাণ ১৭৯০৭.০৬ কোটি টাকার বিপরীতে জুন ২০১৭ পর্যন্ত ব্যয় হয়েছে ১৮২৩২.৪৩ কোটি টাকা (১০১.৮২%)।

২.২। সভায় জানানো হয় যে, চলমান মূল আরএডিপিভুক্ত ৮৮টি প্রকল্পের মধ্যে শূণ্য অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ১১টি, এর মধ্যে ৮টি প্রকল্পের অনুকূলে টোকেন হিসেবে ১ লক্ষ টাকা করে বরাদ্দ দেয়া হয়েছে এবং ৩টি প্রকল্পের জন্য আরএডিপি-তে প্রয়োজনীয় পরিমাণ অর্থ বরাদ্দ দেয়া হয়। ৮০% পর্যন্ত অগ্রগতিসম্পন্ন প্রকল্পের সংখ্যা ৫ টি, ৮০.০১%-৯৯.৯৯% অগ্রগতি সম্পন্ন প্রকল্পের সংখ্যা ২৩টি এবং শতভাগ ও ততোধিক অগ্রগতি অর্জিত হয়েছে মোট ৪৯টি প্রকল্পের। এছাড়া শতকরা হারের অগ্রগতিতে ডেসকো প্রথম স্থানে (১১২.৬১%) রয়েছে। এছাড়া বাবিউবো ১০৭.৪২%, নওপাজেকো ১০৬.৮২%, পাওয়ার সেল ১০০.৩৮%, বাপবিবো ১০০.১৮%, ওজোপাডিকো ১০০% ও আরপিসিএল ১০০% অগ্রগতি অর্জন করেছে। তবে টাকার অংকে প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে বাবিউবো (৫৭৮৮.৩১ কোটি টাকা) ও বাপবিবো (৫৫৬৫.৭৮ কোটি টাকা)। সভায় অবহিত করা হয় যে, মোট আরএডিপি বরাদ্দের ১০১.৮২% অগ্রগতি হলেও জিওবি খাতে ১৫৫ কোটি টাকা অব্যয়িত রয়েছে।

২.৩। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বিগত ৪ বছরের ন্যায় ২০১৬-১৭ অর্থবছরেও বিদ্যুৎ বিভাগের এডিপি বাস্তবায়ন অগ্রগতি শতভাগের বেশি হওয়ায় সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানান এবং একই ভাবে চলতি ২০১৭-১৮ অর্থবছরে এডিপি'র শতভাগ অগ্রগতি অর্জনের জন্য এখন থেকেই সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী বর্ষা মৌসুম বিবেচনায় প্রকল্পের যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রম/পেপার ওয়ার্ক জুলাই-সেপ্টেম্বর ২০১৭ সময়ে সম্পন্ন করে অক্টোবর ২০১৭ মাস থেকে বাস্তবায়ন কার্যক্রম পুরোদমে শুরু করার জন্য সদয় নির্দেশনা প্রদান করেছেন। সে মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্যও তিনি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া সভাপতি সকল বিদ্যুৎ কেন্দ্র ও বিদ্যুৎ উপকেন্দ্রসমূহের খালি জায়গায় বৃক্ষরোপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৪। সভায় শ্লথগতি সম্পন্ন/ সমস্যা সংবলিত ১০টি প্রকল্পের বিষয়ে উপস্থাপন করা হয় এবং উক্ত ১০টি প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়।

চলমান পাতা-২

৩.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	যেসব প্রকল্পের ২০১৭-১৮ অর্থবছরের কার্যক্রম বাস্তবায়নের জন্য এখনো টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়নি সেসব প্রকল্পের টেন্ডার প্রক্রিয়াসহ যাবতীয় প্রস্তুতিমূলক কাজ/পেপার ওয়ার্ক সেপ্টেম্বর ২০১৭ এর মধ্যে সম্পন্ন করে অক্টোবর ২০১৭ থেকে প্রকল্পের বাস্তব কার্যক্রম পুরোদমে শুরু করতে হবে।	সকল সংস্থা ও প্রকল্প পরিচালক
৩.২	বিদ্যুৎ বিভাগের Fast Track প্রকল্পসমূহের বাস্তবায়ন কার্যক্রম অনুমোদিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে এবং এসব প্রকল্পের বাস্তবায়ন কাজের মনিটরিং সংস্থা পর্যায়ে জোরদার করতে হবে।	সংশ্লিষ্ট সংস্থা ও প্রকল্প পরিচালক
৩.৩	২০১৭-১৮ অর্থবছরে এডিপিভুক্ত প্রকল্পসমূহের ব্যয় বিভাজন ১০ জুলাই ২০১৭ এর মধ্যে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে হবে এবং সকাল প্রকল্পের ব্যয় বিভাজন আদেশ ১৫ জুলাই ২০১৭ এর মধ্যে জারি করতে হবে;	বিদ্যুৎ বিভাগ সকল সংস্থা
৩.৪	প্রকল্পের ডিপিপি অনুসারে ২০১৭-১৮ অর্থবছরের ক্রয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং এজন্য এডিপি-তে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের উদ্যোগ নিতে হবে।	বিদ্যুৎ বিভাগ সকল সংস্থা
৩.৫	বাস্তবায়নাধীন সকল প্রকল্পের স্টিয়ারিং কমিটি (PSC) ও প্রকল্পের বাস্তবায়ন কমিটি (PIC) এর সভা নিয়মিত আয়োজন করতে হবে। বিষয়টি সংস্থা পর্যায়ে নিশ্চিত করতে হবে;	সকল প্রকল্প পরিচালক
৩.৬	প্রকল্প পরিচালক অথবা প্রকল্প সংশ্লিষ্ট পদে যোগ্য ও দক্ষ কর্মকর্তাগণকে নিয়োগ দিতে হবে এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের জন্য নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে একনেক কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করতে হবে;	সকল সংস্থা/কোম্পানি
৩.৭	বিদ্যুৎ বিভাগের সংস্থা/কোম্পানিসমূহকে বিদ্যুৎ কেন্দ্র/বিদ্যুৎ উপকেন্দ্রের অব্যবহৃত জাগায় বৃক্ষরোপন কর্মসূচি গ্রহণ করতে হবে এবং উক্ত বিষয়ে একটি প্রতিবেদন আগামী ২০ জুলাই ২০১৭ এর মধ্যে বিদ্যুৎ বিভাগে দাখিল করতে হবে।	সকল সংস্থা/কোম্পানি
৩.৮	বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের জন্য সভায় উপস্থাপিত ২০১৭-১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা (সংলগ্নি-১) অনুমোদন করা হলো। উক্ত লক্ষ্যমাত্রা অনুসারে প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	প্রকল্প পরিচালক
৩.৯	২০১৬-১৭ অর্থবছরে সমাপ্ত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ৩১ জুলাই ২০১৭ এর মধ্যে বিদ্যুৎ বিভাগে আবিশ্যিকভাবে দাখিল করতে হবে। বিষয়টি সংস্থা পর্যায়ে নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সংস্থা প্রধান
৩.১০	সেসব প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে অঙ্গভিত্তিক ডিপিপি বরাদ্দের চেয়ে অতিরিক্ত অর্থ প্রয়োজন হবে সেসব ক্ষেত্রে বরাদ্দের অতিরিক্ত অর্থ ব্যয়ের পূর্বেই ডিপিপি সংশোধনের উদ্যোগ নিতে হবে। কোন অতিরিক্ত ব্যয়ের ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের সুযোগ নেই।	সকল সংস্থা ও প্রকল্প পরিচালক
৩.১১	"কনস্ট্রাকশন অব বিবিয়ানা সাউথ ৪০০ মেঃওঃ গ্যাস ভিত্তিক কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট" প্রকল্প বাস্তবায়নে উদ্ভূত সমস্যা সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে আলোচনাক্রমে ১৫ দিনের মধ্যে সুরাহা করতে হবে। উক্ত সময়ের মধ্যে বিষয়টি সুরাহা করা সম্ভব না হলে সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তি বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে।	বাবিউবো
৩.১২	"ইন্সটিটিউশনাল স্ট্রেনদেনিং অব পিজিসিবি" প্রকল্পের যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।	পিজিসিবি
৩.১৩	ডেসকো এলাকায় সুপারভাইজরি কন্ট্রোল ও ডাটা একুইজিশন (স্কাডা) সিস্টেম স্থাপন" প্রকল্পের যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করে আগামী ১ মাসের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করতে হবে।	ডেসকো
৩.১৪	মাতারবাড়ি ২X৬০০ মেগাওয়াট আল্ট্রাসুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রজেক্ট" এর প্রধান অঙ্গের ঠিকাদারকে মবিলাইজেন অগ্রিম প্রদানের লক্ষ্যে আন্তঃপ্রকল্প সমন্বয়ের মাধ্যমে অতিরিক্ত প্রয়োজনীয় বরাদ্দ প্রদান করতে হবে।	পরিকল্পনা অনুবিভাগ বিদ্যুৎ বিভাগ
৩.১৫	২০১৭-১৮ অর্থবছরে এডিপিভুক্ত সকল প্রকল্পের তথ্য বিদ্যুৎ বিভাগের ওয়েব বেইজ মনিটরিং সিস্টেমে আপলোড করতে হবে।	সকল প্রকল্প পরিচালক

৪.০ অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. আহমদ কায়কাউস)
সচিব